গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ২৮৯-আইন/২০২৫/৮১/কাস্টমস।—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, স্থানীয়ভাবে কম্প্রেসর উৎপাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিম্নে বিধৃত—

(ক) TABLE-1 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ; এবং

(খ) TABLE-2 এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর আরোপনীয় আমদানি শুল্ক যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫ (পাঁচ) শতাংশ—

এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, এবং সমুদয় রেগুলেটরি ডিউটি হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

TABLE-1

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
25.05	2505.10.00	Silica sand
25.06	2506.10.00	Quartz grit
25.08	2508.10.00	Bentonite
27.09	2709.00.00	Petroleum base anti rust oil or preparation
34.03	3403.19.00	Lubricating/cutting oil /anti-rust preparations containing petroleum or bituminous mineral oils
	3403.99.10	Compressor oil
	3403.99.90	Other Lubricating/cutting oil /anti-rust preparations
38.01	3801.10.00	Artificial Graphite
38.16	3816.00.10	Coil protection grout / refractories

Downloaded from www.taxvatpoint.com

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
38.24	3824.10.00	Coal dust / lubricant, binder chemicals or preparation
40.16	4016.93.00	Vulcanized rubber parts for sealing, rubber plug for sealing
	4016.99.90	Rubber grommet, rubber plug, rubber protection cap, rubber bush, vulcanized rubber parts
68.14	6814.10.00	Mica sheet
72.02	7202.19.00	Ferro-manganese alloy
	7202.99.00	Ferro alloy
72.05	7205.10.00	Sintered iron, steel shots, steel granules, sintered iron of alloy steel
72.08	7208.26.00	Hot rolled steel pickled (thickness from 3mm to less than 4.75mm; width 600mm or more) in coil
72.11	7211.19.00	Hot rolled steel (thickness less than 4.75mm, width less than 600mm)
72.25	7225.19.00	Silicon-electrical steel sheet (width 600mm or more)
72.26	7226.19.00	Silicon-electrical steel sheet (width less than 600mm)
76.01	7601.10.00	Aluminum ingot
84.14	8414.90.20	Parts and components of compressor
85.32	8532.29.10	Capacitor
85.34	8534.00.00	Printed circuit board
85.36	8536.30.10	Overload protector, motor protector
85.44	8544.11.00	Copper winding wire
	8544.19.90	Aluminium winding wire

TABLE-2

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
25.05	2505.90.00	Resin coated sand / core sand
27.08	2708.20.00	Carburizer, pitch coke
27.10	2710.20.00	Petroleum base lubricating oil
	2710.20.00	petroleum base leak test oil

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

28.49	2849.20.00	Silicon carbide
48.11	4811.90.90	Paper base gasket material, syntheseal n-8092, lexide Nl 2085
72.02	7202.21.00	Ferrosilicon alloy(>55%silicon), flux material (>55% silicon)
	7202.29.00	Flux material (< 55% silicon)
72.08	7208.27.00	Hot rolled steel (thickness less than 3mm width 600mm or more) in coil

শর্তাবলি:

(১) আমদানিকারক প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder VAT compliant কম্প্রেসর উৎপাদনকারী হইতে হইবে;

ব্যাখ্যা—

(অ) "Industrial IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(আ) "VAT compliant" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দূর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে;

(৩) কম্প্রেসর উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক কারখানা স্থাপনের পর এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি সুবিধায় কাঁচামাল বা যন্ত্রাংশ আমদানির অনুমোদনের জন্য চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর আবেদন করিতে হইবে। উক্ত আবেদন বিবেচনার ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড, সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা এবং শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি আবেদিত প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন ও যাচাইপূর্বক চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড বরাবর **পরিশিষ্ট-১** অনুযায়ী

Downloaded from www.taxvatpoint.com

একটি প্রতিবেদন দাখিল করিবেন। উক্ত প্রতিবেদন অনুযায়ী প্রতিষ্ঠানের শিল্প স্থাপন সংক্রান্ত কার্যক্রম সন্তোষজনক বিবেচিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনের অধীন রেয়াতি হারে পণ্য আমদানির অনুমোদন প্রদান করা হইবে। উক্ত অনুমোদনপত্রের সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

(৪) কম্প্রেসর উৎপাদনকারী কর্তৃক প্রতি একক কম্প্রেসর উৎপাদনের জন্য সম্ভাব্য বা যৌক্তিক অপচয়সহ কি কি উপকরণ কি পরিমাণে আবশ্যক (উপকরণ-উৎপাদ সহগ) সে সম্পর্কিত তথ্য **পরিশিষ্ট-২** অনুযায়ী ৩ (তিন) কপি পণ্য আমদানির পূর্বেই সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেট এর কমিশনার বরাবর দাখিল করিতে হইবে। কমিশনার উক্ত উপকরণ-উৎপাদ সহগ অনুমোদনপূর্বক প্রতিস্বাক্ষর করিবেন এবং একটি কপি অফিসের রেকর্ড হিসাবে সংরক্ষণ করিবেন, দ্বিতীয় কপি জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবরে প্রেরণ করিবেন এবং অপর কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে ফেরত দিবেন। **পরিশিষ্ট-২** এর সত্যায়িত ফটোকপি প্রতিটি পণ্যচালান শুল্কায়নের সময় বিল অব এন্ট্রির সহিত দাখিল করিতে হইবে;

(৫) এই প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণ **পরিশিষ্ট-২** অনুযায়ী আমদানি করিয়া অনুমোদিত উপকরণ-উৎপাদ সহগ মোতাবেক কম্প্রেসর উৎপাদন করা হইতেছে কিনা তাহা সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটের কমিশনার তাহার অধীনস্থ যুগ্ম-কমিশনারের নিম্নে নহেন এইরূপ কোনো কর্মকর্তার নেতৃত্বে সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তা ও সদর দপ্তরে পদস্থ সহকারী বা ডেপুটি কমিশনারের সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর সরেজমিনে পরিদর্শন করিয়া নিশ্চিত করিবেন।

২। আমদানিকৃত যন্ত্রাংশ বা উপকরণ দ্বারা কম্প্রেসর উৎপাদনের ফলে সৃষ্ট অপচয়জনিত স্ক্র্যাপ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার অনুমোদনক্রমে স্থানীয়ভাবে বিক্রয় করা যাইবে। এক্ষেত্রে উক্ত স্ক্র্যাপের মূল্যের উপর প্রযোজ্য হারে মূল্য সংযোজন কর কিংবা প্রযোজ্য অন্যান্য শুল্ক-কর আমদানিকারককে পরিশোধ করিতে হইবে।

৩। কোনো উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন ও মূল্য সংযোজন কর আইনের বিধান অনুযায়ী ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে;

৪। ৩ জুন, ২০২০ খ্রিস্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ১৩১-আইন/২০২০/৮২/ কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৫। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-১

কারখানা পরিদর্শন প্রতিবেদন

[শর্তাবলির দফা (৩) দ্রষ্টব্য]

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ বিগত ----------খ্রিঃ তারিখ---------- নামীয় কম্প্রেসর উৎপাদনকারী শিল্প কারখানা সরেজমিনে পরিদর্শন করি। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ, যথা:-

১। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

২। মূসক নিবন্ধন নম্বর (BIN) :

৩। মালিক/স্বত্ত্বাধিকারীর নাম ও ঠিকানা (বর্তমান/স্থায়ী) :

৪। আয়কর সনদ নম্বর (TIN) :

৫। জমি ও ভবনের বিবরণ :

(ক) জমি ও ভবন নিজস্ব কিনা :

(খ) মোট জমির পরিমাণ :

(গ) কারখানা ভবনের (ওয়্যারহাউসসহ) আয়তন:

(ঘ) কারখানা ভবনের প্রকৃতি : (পাকা/সেমি পাকা/অন্যান্য) :

(ঙ) অফিস ভবনের আয়তন :

(চ) বিদ্যুৎ সংযোগ আছে কিনা :

৬। কারখানা ভবন ভাড়া হইলে ভাড়া চুক্তির কপি:

৭। স্থাপিত যন্ত্রপাতির বিবরণ :

৮। স্থাপিত যন্ত্রপাতি দ্বারা উৎপাদনযোগ্য পণ্যের বিবরণ :

৯। উৎপাদনযোগ্য পণ্যের উপকরণ-উৎপাদ সহগ সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারেটে দাখিল ও অনুমোদন করা হইয়াছে কিনা :

উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বর্ণিত প্রতিষ্ঠানটি স্থানীয়ভাবে কম্প্রেসর উৎপাদনের লক্ষ্যে প্রাথমিক প্রস্তুতি সম্পন্ন করিয়াছে। প্রতিষ্ঠানটিকে প্রজ্ঞাপন এস.আর.ও. নং ২৮৯-আইন/২০২৫/৮১/কাস্টমস, তারিখ: ২৬ জুন, ২০২৫ খ্রিস্টাব্দ এর আওতায় প্রজ্ঞাপনে উল্লিখিত পণ্য/যন্ত্রাংশ/উপকরণ রেয়াতি সুবিধায় আমদানির অনুমোদন প্রদানের সুপারিশ করা হইল।

সংশ্লিষ্ট ভ্যাট বিভাগীয় কর্মকর্তার নাম ও স্বাক্ষর	শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধির নাম ও স্বাক্ষর	জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধির নাম ও স্বাক্ষর
তারিখ:	তারিখ:	তারিখ:

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-২
[শর্তাবলির দফা (৪) ও (৫) দ্রষ্টব্য]

গণপ্রজতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

কম্প্রেসার তৈরির উপকরণ/কাঁচামাল সম্পর্কিত ঘোষণা:

১। প্রতিষ্ঠানের নাম:
২। ঠিকানা:
৩। মূসক নিবন্ধন নম্বর:

ক্রমিক নং	পণ্যের নাম ও H.S.Code	একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ এর নাম (H.S. Code সহ)	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় কাঁচামাল বা উপকরণের প্রতিটির পরিমাণ (কেজি)	অপচয়ের শতকরা হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

সংশ্লিষ্ট ভ্যাট কমিশনারের প্রতিস্বাক্ষর

প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের
স্বাক্ষর ও তারিখ

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com